প্রথম আলো

তারিখ ..12.3. JUL ..2009..
পৃষ্ঠা ...৪ ...৭...

খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট

# ছাত্রলীগের কর্মীদের হামলায় দুই শিক্ষক আহত

খুলনা প্রতিনিধি ●

খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে গতকাল বুধবার ছাত্রলীগের নেতা-কর্মীদের হামলায় দুজন শিক্ষক আহত হয়েছেন। নেতা-কর্মীরা আহত দুই শিক্ষক, অধ্যক্ষ ও অন্য শিক্ষকদের প্রায় আড়াই ঘণ্টা অধ্যক্ষের কক্ষে আটকে রাখেন। পুলিশ ও র‍্যাবের সদস্যরা গিয়ে শিক্ষকদের উদ্ধার করেন। এদিকে শিক্ষকদের মারধরে দুই ছাত্র আহত হয়েছেন বলে ছাত্রলীগের পক্ষ থেকে পাল্টা অভিযোগ করা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে একাধিক শিক্ষক অভিযোগ করেন, ওই শিক্ষাপ্রতিষ্ঠানে গতকাল সকাল ১০টার দিকে অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি শুরু হয়। এ সময় ছাত্রলীগের কয়েকজন নেতা দলীয় কোটার মাধ্যমে ছাত্র ভর্তির দাবি জানান। ভর্তি কমিটির শিক্ষকেরা অস্বীকৃতি জানালে ছাত্রলীগের নেতা-কর্মীরা ক্যাম্পাসে বিক্ষোভ করেন।

বেলা ১১টার দিকে তাঁরা অধ্যক্ষের কক্ষের সামনে বারান্দায় শিক্ষক ফরিদ উদ্দিন ও শেখ মাহফুজুর রহমানকে মারধর শুরু করেন। দুই শিক্ষক দৌড়ে অধ্যক্ষের কক্ষে আশ্রয় নেন। ছাত্রলীগের নেতা-কর্মীরা অধ্যক্ষ ও অন্য শিক্ষকদের ওই কক্ষে আটকে রাখেন। দুপুর ১২টার দিকে পুলিশ ও র‍্যাবের সদস্যরা এসে শিক্ষকদের উদ্ধার করেন। আহত শিক্ষক ফরিদ উদ্দিনকে পুলিশি পাহারায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মামুনুর রশিদ অভিযোগ করেন, ভর্তি কমিটি অপেক্ষমাণ তালিকার ক্রমিকের ধারাবাহিকতা রক্ষা করছে না। বরং মোটা অঙ্কের অর্থের বিনিময়ে শিক্ষকদের পছন্দের শিক্ষার্থীদের ভর্তি করা হচ্ছে। এর প্রতিবাদ করলে কয়েকজন শিক্ষক দুই ছাত্রকে মারধর করে আহত করেন। এর প্রতিবাদে ক্লাস বর্জন করে শিক্ষার্থীরা বিক্ষোভ করেন। শিক্ষকদের আটক করার কথা তিনি অস্বীকার করেন।